

## এ সরকারের আমলেই শিক্ষকদের জন্য পৃথক বেতন কমিশন

- শিক্ষামন্ত্রী

### ■ বিশ্ববিদ্যালয় রিপোর্টের

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এমপি বলেছেন, বর্তমান সরকারের আমলেই শিক্ষকদের জন্য পৃথক বেতন কমিশন করা হবে। কেননা মেধাবীদের এ পেগার আকর্ষণ করতে উন্নত বেতন, ক্যাডাম্বোর বিকল্প নেই। বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নগরঘাট আলী চৌধুরী সিনেট ভবনে 'রিমার্চ এন্ড এডজুস্টমেন্ট চেয়ার ইন বাংলাদেশ' শীর্ষক বইয়ের ফোকাস উদ্ঘোষনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ও নিউজিল্যান্ডের ক্যান্টাবেরি বিশ্ববিদ্যালয়ের যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রমের অংশ হিসাবে এ বই প্রকাশিত হয়।

শিক্ষামন্ত্রী বলেন, আন্তর্জাতিক মানের গবেষণা ফেলের সাধারণ মানুুষের কাছে পৌঁছে দিতে হবে। অন্যথায় এ উদ্দেশ্যে কার্য হলে বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন নেই। আধুনিক বাংলাদেশ গড়তে হলে সবাইকে একত্রিতভাবে কাজ করতে হবে। উন্নয়নের মধ্য থেকে অগ্র বরহিনী তৈরি করতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ডা আ ন ম আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক আলমাস উদ্দিন, অধ্যাপক নাছিম হক, নিউজিল্যান্ডের ক্যান্টাবেরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা বিভাগের সহকারী ডিন এনিনকা গ্রীনউড।